গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৬.২০.০০২.১৩(অংশ-১)-৩৬৭ তারিখ ঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ''ছাব্বিশটি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন''শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অন্তবর্তীকালীন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এপ্রিল ২০১৭ হতে জুন ২০১৭ পর্যন্ত কর্মরত জনবলের বেতন-ভাতাদির সমপরিমাণ অর্থ কর্মভাতা, প্রশাসনিক ব্যয়, প্রশিক্ষণ ব্যয় ও Utility ব্যয় নির্বাহের জন্য মোট ছাড়কৃত ৬২১.৩৫ লক্ষ (ছয় কোটি একুশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার স্থানীয় বিভাজন আদেশ জারী প্রসংগে।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ''ছাব্বিশটি নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন''শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অন্তবর্তীকালীন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ থেকে এপ্রিল ২০১৭ হতে জুন ২০১৭ পর্যন্ত কর্মরত জনবলের বেতন-ভাতাদির সমপরিমাণ অর্থ কর্মভাতা, প্রশাসনিক ব্যয়, প্রশিক্ষণ ব্যয় ও Utility ব্যয় নির্বাহের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২১-০৮-২০১৭ খ্রিঃ তারিখের নং-৩৪.০০.০০০০.০৬০.১৪.০০১.১৫-১৬৬ সংখ্যক আদেশে মোট ৬২১.৩৫ লক্ষ (ছয় কোটি একুশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা ছাড়ের সরকারী মঞ্জুরী পাওয়া গিয়েছে। ছাড়কৃত মোট ৬২১.৩৫ লক্ষ (ছয় কোটি একুশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা প্রকল্পের প্রধান কার্যালয় এবং এর অধীনস্থ ২৬টি যুব প্রশিক্ষণ কেন্দ্র যথাঃ- (১) নারায়নগঞ্জ, (২) কিশোরগঞ্জ, (৩) শেরপুর, (৪) টাংগাইল, (৫) গোপালগঞ্জ, (৬) শরীয়তপুর, (৭) মাদারীপুর, (৮) হবিগঞ্জ, (৯) নোয়াখালী, (১০) বি-বাড়ীয়া, (১১) খাগড়াছড়ি, (১২) রাঙ্গামাটি, (১৩) চাঁদপুর, (১৪) পাবনা, (১৫) নওগাঁ, (১৬) দিনাজপুর, (১৭) গাইবান্ধা, (১৮) নাটোর, (১৯) লালমনিরহাট, (২০) খুলনা,(২১) নড়াইল, (২২) ঝিনাইদহ, (২৩) মাগুরা, (২৪) পিরোজপুর, (২৫) বরগুনা ও (২৬) ভোলা যুব প্রশিক্ষণ কেন্দ্রের অনুকূলে স্থানীয় বিভাজন আদেশ জারী করা হলো (পরিশিষ্ট ''ক ,খ, গ,ঘ ও ঙ'')।

২। প্রচলিত সরকারী বিধি মোতাবেক প্রকৃত বিল ভাউচারের মাধ্যমে স্ব-স্ব আর্থিক সীমাবদ্ধতার মধ্যে কিংবা যে ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী আবশ্যক সে ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী গ্রহণ পূর্বক বরাদ্দকৃত অর্থ উত্তোলন ও ব্যয় করতে হবে। উত্তোলনকৃত অর্থ এবং পরিশোধিত বিল ভাউচারের কপি ক্যাশবহিতে লিপিবদ্ধকরণসহ অন্যান্য প্রয়োজনীয় রেকর্ড পত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। খাতওয়ারী বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রাখতে হবে এবং বরাদ্দের অতিরিক্ত কোন ব্যয় গ্রহণযোগ্য হবে না।

৩। যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহে প্রশিক্ষণ ব্যয় (অর্থনৈতিক কোড নং-৪৮৪০) খাতে বরাদ্দকৃত অর্থ থেকে কেবলমাত্র আবাসিক প্রশিক্ষণ কোর্সের ক্ষেত্রে প্রশিক্ষণার্থী ভাতা মাথাপিছু মাসিক ১২০০/-(এক হাজার দুইশত) টাকা হিসেবে প্রাপ্য হবেন। প্রতি ব্যাচে অতিথি বক্তাদের মাধ্যমে ২৪/৮টি তাত্ত্বিক ক্লাশ। প্রতি ক্লাশের জন্য অতিথি বক্তাদের সম্মানী ভাতা বাবদ ২০০/- টাকা হারে এবং প্রশিক্ষণ উপকরণ বাবদ প্রতি ব্যাচে মাথাপিছু ১০০/- টাকা হারে ব্যয় করা যাবে।

শর্তাবলীঃ

ক) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথাভাবে পালন করতে হবে ;

খ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;

গ) বিভাজনে প্রদর্শিত এক খাতের অর্থ অন্য খাতে কোনক্রমেই ব্যয় করা যাবে না ;

ঘ) পরবর্তী প্রস্তাবের সাথে কি কি বিষয়ে কতজনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার বিস্তারিত বিবরণী অবস্যই দাখিল করতে হবে ;

ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান করতঃ অর্থ বিভাগকে অবহিত করতে হবে;

চ) বরাদ্দকৃত অর্থ হতে Utility বিলসমূহ যথাসময়ে পরিশোধ করতে হবে ;

ছ) এ কর্মভাতা প্রকল্পে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের রাজস্ব বাজেটে স্থানান্তরের নিশ্চয়তা হিসেবে গণ্য হবে না;

জ) রাজস্বখাতে নিয়োগ বিধি অনুসরণপূর্বক জনবল নিয়োগের লক্ষ্যে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।

ঝ) থোক বরাদ্দ হতে অনির্দিষ্টকাল বেতন-ভাতা প্রদান করা বিধি-সম্মত নয় বিধায় উক্ত প্রকল্পসমূহের পদ সৃষ্টিসহ নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে বিস্তারিত তথ্য পরবর্তী প্রস্তাবের সাথে প্রদান করতে হবে।

অপর পাতা/২

৩। উক্ত ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কোড নং- ৩-৩৬০১-০০০১-৬৬০১ এ সমাপ্ত উন্নয়ন প্রকল্প খাতে বরাদ্দকৃত ৪৭৬০.০০ লক্ষ (সাতচল্লিশ কোটি ষাট লক্ষ) টাকা হতে এ ব্যয় নির্বাহ করা হবে।

৪। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।

৫। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(শিশির কুমার রায়)
(যুগ্মসচিব)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবালয় ভবন,তৃতীয় ফেজ(৫মতলা)
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
খুলনা বিভাগ,খুলনা।

৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
....................................(সংশিষ্ট)।

৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
টুংগীপাড়া,গোপালগঞ্জ/লালপুর,নাটোর।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৬.২০.০০২.১৩(অংশ-১)-৩৬৭ তারিখ ঃ ২২/০৮/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। যুগ্মসচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৪। উপ-সচিব(যুব-২ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। উপ-প্রধান, স্কাইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর,ঢাকা।
০৬। উপ-সচিব (বাজেট-২৩), অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক(প্রশাসন/প্রশিক্ষণ/পরিকল্পনা),যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,..।
১২। প্রোগ্রামার (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা। তাঁকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
১৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,................................।
১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী,যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
১৫। অফিস কপি।

(মোঃ আলী আশরাফি)
সহকারী পরিচালক (অর্থ ও অডিট)
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।